বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক বাংলা

তারিখ 16 AUG 1989
পৃষ্ঠা ২ কলাম ৫

# ফার্স্ট লেডীর সঙ্গে মেধাবী ছাত্রীর স্মরণীয় মুহূর্ত

রাবেয়ার জন্য এটা ছিল একটা স্মরণীয় মুহূর্ত। কারণ ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ মঙ্গলবার ওসমানী স্মৃতি হলে মেধা

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## স্মরণীয় মুহূর্ত

(১ম পৃঃ পর)

পুরস্কার বিতরণকালে তাকে তার লেখাপড়ার জন্য সম্ভাব্য সব সাহায্যের আশ্বাস দেন।

মোসাম্মৎ রাবেয়া খাতুন মেধাবী ছাত্রছাত্রীদের কজন। সে ৫টি শিক্ষা বোর্ড থেকে ১৯৮৯ সালের এসএসসি পরীক্ষায় শীর্ষ স্থান অধিকারীদের সম্মানে আয়োজিত সংবর্ধনায় যোগ দিতে ঢাকা এসেছিল।

সে সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার কৈলা মাধ্যমিক বিদ্যালয় থেকে মহিলা প্রার্থীদের মধ্যে সমাজ বিজ্ঞান গ্রুপে ৩টি লেটারসহ ৭ম স্থান অধিকার করে।

সারা জীবন ধরে মেধাবী ছাত্রী এবং পরিবারের একমাত্র শিক্ষিত সদস্যা রাবেয়া পঞ্চম শ্রেণী ও অষ্টম শ্রেণীতে ট্যালেন্ট পুলে বৃত্তি লাভ করে।

তিন বোন ও দু ভাইয়ের মধ্যে সবচেয়ে ছোট রাবেয়া স্মরণ করতে পারে না, কখন তার বাবা মারা গেছে। তার এক রিকশাচালক ভাই সে যাতে লেখাপড়া অব্যাহত রাখতে পারে সে ব্যাপারে খুব আগ্রহ প্রদর্শন করে।

ফার্স্ট লেডীর নিকট থেকে আশ্বাস পেয়ে উৎফুল্ল রাবেয়া বাসসকে বলে যে সে কলেজের একজন অধ্যাপিকা হতে চায়।

ফার্স্ট লেডী রাবেয়ার সঙ্গে একটি ফটো তোলেন।